কোটচাঁদপুরে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সেমিনার অনুষ্ঠিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে মাদকদ্রব্যের অপব্যবহার রোধকল্পে সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য সমন্বিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বেলা ১১ টা দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে ও ঝিনাইদহ মাদকদ্রকব্য নিযন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় পরিষদ মিলনায়তনে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মোঃ দেলোয়ার হোসেনের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি।

সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন, জেলা মাদকদ্রকব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহঃকারি পরিচারক গোলক মজুমদার।

সেমিনারে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, সহকারি কমিশনার (ভূমি) নিরুপমা রায়, অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, সাবেক কমান্ডার তাজুল ইসলাম।

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা শীলা বেগম ও তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানার সঞ্চলনায় সেমিনারে বক্তব্য রাখেন, ইউপি চেয়ারম্যান আব্দুল জলিল বিশ্বাস, ইসলামী ফাউন্ডেশন উপজেলা শাখার সুপার ভাইজার আবুবকর সিদ্দিক, সাংবাদিক এসএম রায়হান উদ্দীন, পুরোহিত তরুণ ভট্রাচার্জ ইউপি সদস্য ইনামুল হোসেন প্রমূখ।

এসময় উপস্থিত ছিলেন, ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান খাঁন, চেয়ারম্যান আব্দুল মান্নান, চেয়ারম্যান শাহারুজ্জামান সবুজ, সহ রাজনৈতিক, সামাজিক, সাংবাদিক ও নানা শ্রেণী-পেশার মানুষ।

শিক্ষক হত্যা ও সারাদেশে শিক্ষক নির্যাতনের প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন

ঢাকার আশুলিয়ায় হাজী ইউনুছ আলী স্কুল এন্ড কলেজের শিক্ষক উৎপল কুমার সরকার কে হত্যা ও নড়াইলের ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাস সহ সারাদেশে শিক্ষক নির্যাতের প্রতিবাদে সোমবার সকালে ঝিনাইদহের পোষ্ট অফিস মোড়ে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদ, বাংলাদেশ পুজা উদযাপন পরিষদ, স্বাধীনতা শিক্ষক পরিষদসহ সাধারণ শিক্ষক-কর্মচারীর যৌথ উদ্যোগে এই মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রিষ্টান ঐক্য পরিষদের ঝিনাইদহ জেলা শাখার সভাপতি নারায়ন চন্দ্রের সভাপতিত্বে এবং উত্তম গাঙ্গুলির পরিচালনায় মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে বক্তব্য রাখেন সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি ইকরামুল হক লিকু, ঝিনাইদহ জেলা পুজা কমিটির সভাপতি বিনয় কুমার বিশ্বাস, ঝিনাইদহ জেলা শিক্ষক সমিতির সভাপতি জয়া রানী চন্দ্র, স্বাধীনতা শিক্ষক পরিষদেও সভাপতি অধ্যক্ষ আসাদুজ্জামান শাহীন, ওয়াজির আলী স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোঃ হবিবুর রহমান, ঘাতক দালাল নিমূর্ল কমিটির সাধারণ সম্পাদক এ্যাড. আব্দুল মালেকসহ বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেত্রীবৃন্দ।

মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে অতিথি বৃন্দ বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে আমাদের দাবি আশুলিয়া স্কুল এন্ড কলেজের শিক্ষক-কে স্ট্যাম্প দিয়ে পিটিয়ে হত্যা এবং নড়াইলের ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসের গলায় জুতার মালা পরিয়ে নির্যাতনকারীসহ সারাদেশে শিক্ষক নির্যাতনের সাথে যারা জড়িত তাদের কে অবিলম্বে গ্রেপ্তার করে দৃষ্টান্ত মূলক শাস্তির দাবি জানান।

এছাড়া সারাদেশে যারা সাম্প্রদায়িক উস্কানি দিয়ে এসব সৃষ্টি করছে তাদের খুজে বের করে শাস্তির আওতায় আনতে হবে। কলেজ শিক্ষক উৎপল কুমার সরকারের পরিবারের দায়িত্ব সরকারকে নিতে হবে। তাছাড়াও সাম্প্রদায়িক সুরক্ষা আইনের কঠোর বাস্তবায়ন করে সকলের সম অধিকার

প্রতিষ্ঠার দাবি জানান।

ঝিনাইদহে দুর্নীতি দমন কমিশন (দুদক) এর কার্যালয় উদ্বোধন

দুর্নীতি দমন কমিশনের সমন্বিত ঝিনাইদহ জেলা কার্যালয় উদ্বোধন ঘোষণা করা হয়েছে। রবিবার দুপুরে ঝিনাইদহ-চুয়াডাঙ্গা মহাসড়কের পাশে ঝিনাইদহ জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এই অফিস এর কার্যক্রম শুরু করা হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে দুদক কার্যালয়ের উদ্বোধন ঘোষণা করেন দুদক’র মহাপরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ) এ কে এম সোহেল।

এসময় উপস্থিত ছিলেন দুর্নীতি দমন কমিশনের খুলনা বিভাগীয় পরিচালক মঞ্জুর মোর্শেদ, জেলা প্রশাসক মনিরা বেগম, পুলিশ সুপার পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম পিপিএম, জেলা পরিষদের সচিব রেজাই রাফিন সরকার।

সমন্বিত জেলা কার্যালয় উদ্বোধন শেষে জেলা প্রশাসক মনিরা বেগমের সভাপতিত্বে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

নতুন দুদকের কার্যালয় উদ্বোধন শেষে জানা যায়, ঝিনাইদহ কার্যালয় হতে ঝিনাইদহসহ চুয়াডাঙ্গা ও মাগুরা জেলা দুদকের কার্যক্রম পরিচালিত হবে।

আলোচনা সভায় দুর্নীতি দমন কমিশনের মহাপরিচালক (আইসিটি ও প্রশিক্ষণ) একেএম সোহেল বলেন ভুল তথ্য দিয়ে বিভ্রান্ত না করে সঠিক তথ্য দিয়ে সহযোগিতা করবেন। দুর্নীতি দমন কমিশনের কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে ঝিনাইদহসহ রবিবার ১২টি জেলায় দুদকের নতুন কার্যালয় উদ্বোধন করা হয়েছে।

ঝিনাইদহে অটবি’র নতুন শো- রুমের উদ্বোধন

ঝিনাইদহে জনপ্রিয় ও দেশের শীর্ষস্থানীয় ফার্নিচার নির্মাতা প্রতিষ্ঠান অটবি লিমিটেড’র শো-রুম উদ্বোধন করা হয়।

শনিবার বিকেলে শহরের মর্ডান মোড়ে ফিতা কেটে উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও শৈলকুপা আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

এসময় উপস্থিত ছিলেন, অটবির হেড অব বিজনেস আহম্মেদ শুকাইরি, যোনাল ম্যানেজার এটিএম শফিকুল ইসলাম, ডিস্ট্রিবিউটর অনিক হাসান ও শাহিন আলমসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ। অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠান শেষে বিশেষ মোনাজাত করা হয়।

এসময় বক্তারা বলেন, দেশের ফার্নিচার শিল্পের অন্যতম প্রতিষ্ঠান অটবি। ক্রেতাদের নিরন্তর সমর্থনে ইতিমধ্যে একটি দূরদর্শী ব্র্যান্ড হিসেবে সুনাম অর্জন করেছে। দেশীয় ক্রেতাদের চাহিদা পূরণ করে আন্তর্জাতিক মানের পণ্যসেবা নিয়ে অটবি পৌঁছে গেছে ঝিনাইদহে। এখানে পাবেন বাসা ও অফিসের আধুনিক ফার্ণিচার সল্যুশন।

শিক্ষক হত্যা ও সারাদেশে শিক্ষক হেনস্তা’র প্রতিবাদে ঝিনাইদহে মানববন্ধন ও বিক্ষোভ

সমাবেশ

ঢাকার আশুলিয়ায় হাজী ইউনুছ আলী স্কুল এন্ড কলেজের শিক্ষক উৎপল কুমার সরকার কে স্ট্যাম্প দিয়ে পিটিয়ে হত্যা সহ সারাদেশে শিক্ষক হেনস্তা করার প্রতিবাদে কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে শনিবার সকালে ঝিনাইদহের কেন্দ্রীয় শহীদ মিনার চত্ত্বরে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ শিক্ষক সমিতির ঝিনাইদহ জেলা শাখার সহ-সভাপতি মুহঃ আব্দুল মমিন এর সভাপতিত্বে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি মোঃ মহিউদ্দীন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সাবেক অধ্যক্ষ মোঃ আমিনুল ইসলাম টুকু, কালীগঞ্জ সরকারি মাহতাব উদ্দীন ডিগ্রী কলেজ অধ্যক্ষ ডঃ মোঃ মাহবুবুর রহমান, জরিপ বিশ্বাস ডিগ্রী কলেজ অধ্যক্ষ সুব্রত কুমার মল্লিক, বাংলাদেশ শিক্ষক সমিতি, শৈলকুপা উপজেলার সাধারণ সম্পাদক মোঃ মাসুদ করিম, কে পি এইচ মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অরবিন্দু কুমার বিশ্বাস, ফিরোজ শাহীসহ অন্যান্য নেতৃবৃন্দ।

মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশে অতিথি বৃন্দ বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে আমাদের দাবি আশুলিয়া স্কুল এন্ড কলেজের শিক্ষক-কে পিটিয়ে হত্যাসহ সারাদেশে শিক্ষক হেনস্তা করার সাথে জড়িতদের অবিলম্বে গ্রেপ্তার করতে হবে এবং কলেজের শিক্ষক উৎপল কুমার সরকারের পরিবারের দায়িত্ব সরকারকে নিতে হবে। তাছাড়াও শিক্ষকদের সুরক্ষা আইন করতে হবে । শিক্ষকদের পিঠ দেয়ালে ঠেকে গেছে। সুষ্ঠু বিচার ও প্রতিকার না পেলে এবার শিক্ষকরাও প্রতিরোধ গড়ে তুলতে বাধ্য হবে। বিক্ষোভ সমাবেশে জেলার ছয়টি উপজেলা হতে শত শত স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক কর্মচারীরা অংশ গ্রহণ করেন ।

কোটচাঁদপুর রথের মেলায় এসে

খোয়া গেলো শখের মোটরসাইকেল

ঝিনাইদহ কোটচাঁদপুর রথের মেলায় বেড়াতে এসে এক যুবকের ১৫০ সিসির একটি পালসার মোটরসাইকেল চুরি হয়ে গেছে। শুক্রবার (১ জুলাই) বিকালে পৌর শহরের সলেমানপুর রথখোলা প্রাইমারী স্কুলের পিছন থেকে মোটরসাইকেলটি চুরি হয়ে যায়।ভুক্তভোগী যুবকের নাম মোঃ মেহেদি হাসান (১৯)।

তিনি জীবননগর উপজেলার মাধবপুর গ্রামের মোঃ জমির উদ্দীনের ছেলে। ভুক্তভোগী মেহেদী হাসান জানান, শুক্রবার বিকাল বেলা আমার দুই-বন্ধুর সাথে নিয়ে বাড়ি থেকে বের হই। কোটচাঁদপুর পৌর শহরের সলেমানপুর রথখোলার রথের মেলা দেখার উদ্দেশ্য এসেছিলাম।

মেলায় পৌঁছে মোটরসাইকেটি রথখোলার প্রাইমারী স্কুলের পিছনে রেখে তিন’বন্ধু মেলার ভেতরে প্রবেশ করি ।এর কিছু পরে বাইরে এসে দেখলাম আমার মোটরসাইকেলটি সেই স্হানে নেই। প্রায় তিন মাস আগে জীবননগর বাজারের একটি শোরুম থেকে মোটরসাইকেলটি কিনেছিলাম বলেও জানান তিনি।

তিনি আরো জানান আমার ব্যবহৃত পালসার ১৫০ সিসি কালো রংয়ের লাল বর্ডার,যাহার চ্যাসিস নং PSUAIICYXMTF21723,ইঞ্জিন নং DHXCMD28880 নতুন গাড়ী রেজিষ্ট্রেশন করা হয়নি।

এবিষয়ে কোটচাঁদপুর মডেল থানায় অভিযোগ দায়ের করেছেন বলে তিনি জানান।

ঝিনাইদহে কলেজ শিক্ষকদের মানববন্ধন ও প্রতিবাদ সভা

ঢাকার আশুলিয়ায় হাজী ইউনুস আলী স্কুল এন্ড কলেজের রাষ্ট্র বিজ্ঞান বিভাগের প্রভাষক উৎপল কুমার সরকারকে বর্বরোচিত হত্যা এবং নড়াইল সদরের মির্জাপুর ইউনাইটেড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ

স্বপন কুমার বিশ্বাসসহ সারাদেশে শিক্ষক লাঞ্ছনা ও নির্যাতনের প্রতিবাদে বৃহস্পতিবার (৩০জুন) সকাল ১১টায় ঝিনাইদহ সদরের ডাকবাংলা বাজারে আঃ রউফ ডিগ্রি কলেজের শিক্ষক ও ছাত্রদের মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

কলেজের অধ্যক্ষ জে,এম. রবিউল ইসলামের সভাপতিত্বে এবং প্রভাষক শাহানুর আলম এর পরিচালনায় প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন উপাধ্যক্ষ বিবেকানন্দ তরফদার, সহকারী অধ্যাপক খুরশিদ মোহাম্মদ সালেহ, সহকারী অধ্যাপক জিনাত জেসমিন, সহকারী অধ্যাপক মোঃ মোদাচ্ছের আলী ও মোঃ জাহাঙ্গীর আনামসহ অন্যান্য শিক্ষক ও ছাত্রছাত্রীরা।

মানববন্ধনে বক্তারা বলেন আশুলিয়ায় কলেজের প্রভাষক উৎপল কুমার সরকার কে স্টাম্প দিয়ে পিটিয়ে হত্যা করা হয়েছে আমরা এই ঘটনায় জড়িত একই বিদ্যালয়ের দশম শ্রেণির বিপথগামী ছাত্র আশরাফুল ইসলাম জিতু ও তার পিতা কে গ্রেফতার করা হয়েছে। আমরা এই হত্যাকারী জিতুর দৃষ্টান্তমূলক শাস্তি ফাঁসির দাবি জানাচ্ছি। পাশাপাশি নড়াইল ইউনাইটেড কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসের বিরুদ্ধে ষড়যন্ত্র করে পুলিশ প্রশাসনের সামনে গলায় জুতার মালা দিয়ে লাঞ্ছনাকরাসহ সারাদেশে শিক্ষক নির্যাতনের বিরুদ্ধে তীব্র প্রতিবাদ জানাচ্ছি।

এছাড়া এসব ঘটনার সাথে জড়িত ও ইন্ধন দাতাদের বিচারের আওতায় আনার জোর দাবি জানান বক্তারা।

শিক্ষক হত্যা ও হেনস্তকারীর প্রতিবাদে হরিণাকুণ্ডুতে মানববন্ধন

ঢাকা সাভারের আশুলিয়া স্কুল এন্ড কলেজের শিক্ষক উৎপল কুমার সরকার কে স্টাম্প দিয়ে পিটিয়ে হত্যা এবং নড়াইলের মির্জাপুর ইউনাইটেড ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বপন কুমার বিশ্বাসকে জুতার মালা পরিয়ে হেনস্ত করার ঘটনার প্রতিবাদে সারা দেশের ন্যায়

হরিণাকুণ্ডু উপজেলাতে ও এই উত্তপ্ত হাওয়া ছড়িয়ে পড়েছে।

বৃহস্পতিবার বেলা ১১ টায় ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা মোড়ে এক মানববন্ধন ও প্রতিবাদ সভার আয়োজন করা হয়।

এদিকে নড়াইলের মির্জাপুর ইউনাইটেড ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ-কে জুতার মালা পরিয়ে হেনস্ত করা এবং আশুলিয়া স্কুল এন্ড কলেজের শিক্ষক-কে পিটিয়ে হত্যার ঘটনায় দোষীদের গ্রেপ্তার ও বিচারের দাবিতে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে উপজেলার সকল স্কুল,কলেজ,মাদ্রাসার শিক্ষক কর্মচারী ও হরিণাকুণ্ডু স্বাধীনতা শিক্ষক পরিষদ (স্বাশিপ) এর নেত্রীবৃন্দ।

কর্মসূচীতে অংশগ্রহণ করা জোড়াদাহ কলেজের অধ্যক্ষ শরিফুল ইসলাম বলেন, আমরা আর পিছপা হইবো না। আমাদের প্রিয় শিক্ষককে হত্যা করা হয়েছে। তাঁর শরীরের রক্তের দাগ মুছে যায়নি। বখাটেদের প্রতিহত করতে আমরা সবসময় পদক্ষেপ নিতে হবে।

শিক্ষক হত্যা ও হেনস্তকারীর প্রতিবাদ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন,সকল স্কুল, কলেজ, মাদরাসা প্রধান,ও সহকারী শিক্ষক কর্মচারী সহ, স্থানীয় গণমাণ্য ব্যাক্তিবর্গ সহ আরও অনেকে।

হরিণাকুণ্ডুতে তথ্য চাওয়ায় সাংবাদিককে হুমকি

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে তথ্য চাওয়ায় এক সাংবাদিককে হুমকি দেওয়া হয়েছে। কর্মরত সাংবাদিক জাফিরুল ইসলাম গতকাল মঙ্গলবার সেলিম আক্তার নাম হলেও সেলিমা আক্তার নামে এমপিও নিচ্ছেন এমন অভিযোগের ভিত্তিতে হরিণাকুণ্ডু উপজেলার প্রিয়নাথ স্কুল এন্ড কলেজে তথ্য জানতে গেলে অত ওই প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক শহিদুল ইসলাম আজ বুধবার সকালে প্রতিষ্ঠানে আসতে বলেন।

আজ বুধবার প্রিয়নাথ স্কুল এন্ড কলেজে গিয়ে প্রধান শিক্ষককে না

পেয়ে মুঠোফোনে জানতে চাইলে তিনি বাইরে আছেন বলে জানান।

এসময় সাংবাদিক জাফিরুল ইসলাম চলে আসতে চাইলে ওই প্রতিষ্ঠানের সিনিয়র শিক্ষক সেলিম আক্তার বলেন, কোথায় যাচ্ছিস তুই প্রতিষ্ঠানের বাইরে বের হতে পারবি না, উঠে দাড়িয়ে কথা বল। আমার বিরুদ্ধে জানতে চাওয়ার তুই কে। তোকে আজ সাংবাদিকতা শেখাবো। এসময় কর্তব্যরত সাংবাদিক জাফিরুল ইসলাম চলে আসতে চাইলে ওই প্রতিষ্ঠানের শিক্ষক আনোয়ার হোসেন তাকে বাধা দেন।

আবু সাইদ, আসাদুজ্জামান ওরফে বোরহানসহ বেশ কয়েকজন শিক্ষক তাকে অফিস কক্ষে আটকিয়ে রেখে বিভিন্ন প্রকারের হুমকি প্রদান করেন। প্রতিষ্ঠানের শিক্ষক সেলিম আক্তার এর ব্যাপারে সেলিম আক্তার থাক আর সেলিমা আক্তার থাক তাতে সাংবাদিক কেন জানাতে চাবে। আবার যদি কখনো আমার ব্যাপারে জানাজানির চেষ্টা করিস তাহলে তোর সাংবাদিকতা শেখাবো বলে হুমকি প্রদান করেন সেলিমা আকতার।

সাংবাদিক জাফিরুল ইসলামকে তথ্য প্রদানে বাধা দেওয়া এবং অফিস কক্ষে আটকিয়ে রেখে হুমকি প্রদান করায় জেলা উপজেলায় কর্মরত সাংবাদিকদের মাঝে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে।

এব্যাপারে হরিণাকুণ্ডু উপজেলা প্রেসক্লাব এক জরুরি সভা করে উক্ত ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। অফিস কক্ষে সাংবাদিক কে হুমকি প্রদানের ঘটনায় অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়ার জন্য জোর দাবি জানান সাংবাদিক নেতৃবৃন্দ।

জাফিরুল ইসলাম আনন্দ টিভি, দৈনিক আমাদের সময় ও বাংলাদেশ সমাচার পত্রিকায় কর্মরত আছেন। এছাড়া তিনি হরিণাকুণ্ডু উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক।

কোটচাঁদপুরে কিশোরী ক্লাবের সচেতনতামূলক সভা

কোটচাঁদপুরে কিশোরী ক্লাবের সচেতনতামূলক প্রশিক্ষণ অনুষ্ঠিত

হয়েছে। মঙ্গলবার দুপুরে কোটচাঁদপুরের শেরখালী মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গনে এ অনুষ্ঠান করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ দেলোয়ার হোসেন। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চেয়ারম্যান মোছাঃ শরিফুননেসা মিকি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ আক্কাস আলী, শিক্ষক ও কুশনা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান শরিফুল ইসলাম টিটো, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও কোর্স পরিচালক সেলিম রেজা।

এছাড়া আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী পল্লী উন্নয়ন অফিসার ইউনুছ আলী। এ সময় প্রশিক্ষণে অংশ গ্রহন করেন ওই বিদ্যালয়ের কিশোরী সংঘের একশত জন কিশোরী।

অনুষ্ঠানটি আয়োজনে ছিলেন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিপ)। দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প ২য় পর্যায় আওতায় এ প্রশিক্ষণ দেয়া হয় কিশোরীদের। অতিথিবৃন্দরা প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্য কিশোরীদের বয়ঃসন্ধিকাল, বাল্যবিবাহ, নারী নির্যাতন সহ বিভিন্ন সচেতনতা মূলক বক্তব্য রাখেন। পরে কিশোরী ক্লাবের ছাত্রীদের হাতে বিভিন্ন উপকরন তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি।